গাংনীর মটমুড়া ইউনিয়নের ২ নং ওয়ার্ডের মেম্বর পলি আরা

গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপনির্বাচনে প্রয়াত মেম্বর আব্দুস সোবহানের স্ত্রী মোছা: পলি আরা খাতুন (মোরগ প্রতীকে) ২৬০৮ ভোট পেয়ে বেসরকারিভাবে সাধারণ সদস্য (মেম্বর) নির্বাচিত হয়েছেন। তার একমাত্র প্রতিদ্বন্দ্বী মো: কামাল হোসেন টিউবওয়েল প্রতীকে পেয়েছেন ৬৫১ ভোট। মোট ভোট প্রদান হয়েছে ৩১৫৯।

এই ওয়ার্ডে মোট ভোটার সংখ্যা ছিল ৬৩৯৭ জন। এদের মধ্যে নারী ভোটার সংখ্যা ৩১৮২ এবং পুরুষ ভোটার সংখ্যা ৩২১৫ জন।

উল্লেখ্য, চলতি বছরের ফেব্রুয়ারি মাসে ওই ওয়ার্ডের মেম্বর আব্দুস সোবহান নিজ বাড়িতে হলুদ সিদ্ধ করতে গিয়ে গরম পানির কড়াইয়ের মধ্যে পড়ে ঝলসে যায়। ঢাকা শেখ হাসিনা বার্ন হাসপাতালে চিকিৎসাধীন থাকা অবস্থায় মারা যান তিনি। পরে এই ওয়ার্ডটি শুন্য ঘোষণা করেন নির্বাচন কমিশনার।

অত্যন্ত শান্তিপূর্ণ পরিবেশে নির্বাচন হচ্ছে-ডিসি আজিজুল

অবাধ, শান্তিপূর্ণ ও নিরপেক্ষ ভোট গ্রহণ দেখে সন্তোষ প্রকাশ করলেন মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম ও মেহেরপুর পুলিশ সুপার মো: রাফিউল আলম।

গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের ২ নং মহাম্মদপুর ওয়ার্ডের উপনির্বাচনের ভোট কেন্দ্র পরিদর্শন শেষে সাংবাদিকদের বলেন, অত্যন্ত শান্তিপূর্ণ পরিবেশে নির্বাচন হচ্ছে। এখানে ভোটার উপস্থিতি ভাল। সকালের দিকে নারী ভোটারদের উপস্থিতি বেশী ছিল। দুপুরের পর থেকে পুরুষ ভোটারের সংখ্যা বেড়েছে। সকলের সহযোগীতায়

একটা ভাল ভোট অনুষ্ঠিত হচ্ছে। এখানে ভোটারদের আন্তরিকতা রয়েছে। ভোটাররা যাতে ভোট কেন্দ্রে এসে শান্তিতে ভোট দিতে পারেন সেটাই আমাদের কাম্য। প্রার্থীরা প্রচারণা চালিয়েছেন। নিশ্চয় ভোটাররা আরও বেশি উপস্থিত হবেন।

এসময় গাংনী উপজেলা নির্র্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, উপজেলা সহকারি কমিশনার (ভূমি) নাদির আহমেদ শামীম, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদসহ নির্বাচনের দায়ীত্বে নিয়োজিত অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

আজ গাংনী মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপনির্বাচন চলছে

উৎসাহ উদ্দীপনা ও শান্তিপূর্ণভাবে গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপ-নির্বাচন আজ বৃহস্পতিবার (২৫ মে) অনুষ্ঠিত হচ্ছে। ভোট কেন্দ্রে সকাল থেকেই নারী ভোটারদের উপস্থিত উল্লেখ করার মত। তবে, বেলা বাড়ার সাথে সাথে পুরুষ ভোটারদের উপস্থিতিও বাড়তে শুরু করে।
মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপ নির্বাচনের রির্টানিং অফিসার ও গাংনী উপজেলা নির্বাচন কমকর্তা আব্দুল আজিজ বলেন, মটমুড়া ইউনিয়নের ২ নং ওয়ার্ডের উপ-নির্বাচনে মোট ২ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বীতা করছেন। তারা হলেন, ওই ওয়ার্ডের প্রয়াত সদস্য (মেম্বর) আব্দুস সোবহানের স্ত্রী মোছা: পলি আরা (মোরগ) ও মো: কামাল হোসেন (টিউবওয়েল)।
হোগলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ে দুটি ভোট কেন্দ্র স্থাপন করা হয়েছে। মোট ভোটার সংখ্যা ৬৩৯৭ জন। এদের মধ্যে নারী ভোটার সংখ্যা ৩১৮২ এবং পুরুষ ভোটার সংখ্যা ৩২১৫ জন।

উল্লেখ্য, চলতি বছরের ফেব্রুয়ারি মাসে ওই ওয়ার্ডের মেম্বর আব্দুস সোবহান নিজ বাড়িতে হলুদ সিদ্ধ করতে গিয়ে গরম পানির কড়াইয়ের

মধ্যে পড়ে ঝলসে যায়। ঢাকা শেখ হাসিনা বার্ন হাসপাতালে চিকিৎসাধীন থাকা অবস্থায় মারা যান তিনি। পরে এই ওয়ার্ডটি শুন্য ঘোষণা করেন নির্বাচন কমিশনার।

নির্বাচন অবাধ সুষ্ঠ ও নিরপেক্ষ করতে সব ধরণের প্রস্তুতি নিয়েছে নির্বাচন কমিশন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজজাক বলেন, ভোট কেন্দ্র এবং বাইরে বিপুল পরিমান পুলিশ ও আনসার সদস্য মোতায়েন করা হয়েছে। গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতৃ বলেন, ভোট কেন্দ্র অবাধ, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ করতে সব ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে।